

## চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা- চুয়াডাঙ্গা।

গ্রীভেন্স রিড্রেস সেল (GRC) এর সভার কার্যবিবরণী নিম্নরূপ-

কমিটির নাম : গ্রীভেন্স রিড্রেস সেল (GRC)  
সভার তারিখ : ২১-০৬-২০১৮ ইং।  
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

অদ্য ইং ২১-০৬-২০১৮ তারিখ, বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভার হল রুমে গ্রীভেন্স রিড্রেস সেল (GRC) এর সভা জনাব মোঃ একরামুল হক (মুজা) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে লিপিবদ্ধ করা হলো :-

### সভার আলোচ্য :-

- ১। অভিযোগ বিষয়/ বিরোধ সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ আলোচনা।

### আলোচনা ও সিদ্ধান্ত :-

১। অভিযোগ/ বিরোধ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত :- সভায় ০১/০৪/১৮ তারিখ হইতে ৩০/০৫/২০১৮ তারিখ পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায় নাই। ০১/০৬/২০১৮ তারিখ হইতে ২১/০৬/১৮ পর্যন্ত মোট ৩ টি অভিযোগ পাওয়া যায়। যথাঃ-

ক্রঃ নং	অভিযোগকারী	অভিযোগের বিষয় ও তারিখ	গৃহীত সিদ্ধান্ত ও তারিখ	অবহিত করন
১.	মোঃ নুর হোসেন, পিতা- মৃত- রহিম উদ্দিন শেখ, ০১ নং ওয়ার্ড, ভিমরুল্লা।	বাড়ীর সামনে সড়ক বাতি লাগানোর ব্যবস্থা করা প্রসঙ্গে। তারিখ ০৩/০৬/২০১৮ ইং।	ইং ২১/০৬/২০১৮ তারিখের সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩০/০৬/২০১৮ ইং তারিখের মধ্যে সড়ক বাতি লাগানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	TLCC ও পৌর পরিষদের সভায় অবহিত করা হবে।
২.	মোঃ আলো মিয়া, পিতা- মোঃ বাদশা, ০১ নং ওয়ার্ড, ভিমরুল্লা।	বাড়ীর সামনে বর্ষার পানি নিষ্কাশনের ব্যবস্থা করা প্রসঙ্গে। তারিখ ০৬/০৬/২০১৮ ইং।	ইং ২১/০৬/২০১৮ তারিখের সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক আগামী ইং ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে বর্ষার পানি নিষ্কাশনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	TLCC ও পৌর পরিষদের সভায় অবহিত করা হবে।
৩.	মোছাঃ কোবেরা খাতুন, স্বামী- মোঃ বদর উদ্দিন, ০১ নং ওয়ার্ড, হাটকালুগঞ্জ।	বাড়ীর সামনের ময়লা আবর্জনা পরিষ্কারের জন্য ভ্যান পাওয়ার ব্যবস্থা করা প্রসঙ্গে। তারিখ ১০/০৬/২০১৮ ইং।	ইং ২১/০৬/২০১৮ তারিখের সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক আগামী ইং ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে ময়লা আবর্জনা পরিষ্কারের সিদ্ধান্ত গৃহীত হয়।	TLCC ও পৌর পরিষদের সভায় অবহিত করা হবে।

(পাতা নং-২)

পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে আরও কিছু অভিযোগ জমা পড়ে। জমাকৃত অভিযোগ গুলির সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের সহযোগিতায় ও অভিযোগকারীর কথা গুরুত্ব সহকারে শোনা হয় এবং আলোচনায় সূষ্ঠ ও সঠিক ভাবে অভিযোগ গুলি মীমাংসা করা হয়। পরবর্তীতে যাতে আর কোন সমস্যার সৃষ্টি না হয় সেবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২। অন্যান্য বিরোধ মীমাংসা :- উক্ত সভায় সভাপতি সাহেব বলেন যে, আগামী মাসে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর গন তাহাদের নিজ নিজ মহল্লার অভিযোগ গুলি মহল্লায় বসিয়া সমাধান করিবেন। যদি মহল্লায় নিষ্পত্তি না হয় সেক্ষেত্রে অত্র অফিসের মাধ্যমে নিষ্পত্তি/মীমাংসার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত বিষয়ে সূষ্ঠ সমাধানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলের মঙ্গল কামনা করে সভাপতি মহোদয় উক্ত সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ একরামুল হক মুক্তা)

০১ নং প্যানেল মেয়র

ও

সভাপতি

গ্রীভেন্স রিড্রেস সেল (GRC) কমিটির

চুয়াডাঙ্গা পৌরসভা।

অনুলিপি :-

০১ মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

০২. প্রকল্প পরিচালক, UGIIP-III, LGED ভবন, লেভেল- ১২, আঁগারগাও, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৩. জনাব/জনাবা ..... সদস্য (GRC) কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

০৪. জনাব ..... চুয়াডাঙ্গা পৌরসভা।